দৈনিক ইনকিলাব

তারিখ 13 SEP 1993
পৃষ্ঠা ৫ কলাম ৪

## 'প্রাক্তন' শব্দের ভুল ব্যবহার

বুদ্ধিজীবী, ভাষাবিদ ও শিক্ষিত লোকের ভিতর বাংলা ভাষার উচ্চারণ, বানান ও প্রয়োগগত বিভিন্ন ভুল অনেক সময়ই জাতির সুস্থ বিবেককে নাড়া দেয়। তার জ্বলন্ত প্রমাণ, বিভিন্ন জাতীয় দৈনিকের কোচিং সেন্টারগুলোর প্রায় বিজ্ঞাপনে ছাত্র-ছাত্রীর নামের শেষে দেখা যায়, লেখা রয়েছেঃ 'প্রাক্তন চট্টগ্রাম কলেজের ছাত্র' বা 'প্রাক্তন হলিক্রস কলেজের ছাত্রী'। এ ভুল বাক্যে বুঝান হয়— 'চট্টগ্রাম কলেজ' ও 'হলিক্রস কলেজ' প্রত্যেকটির ২টি করে প্রতিষ্ঠান আছে— একটি 'বর্তমান' এবং আরেকটি 'প্রাক্তন' এবং উল্লেখিত ছাত্র-ছাত্রী প্রাক্তন প্রতিষ্ঠানটিতে এখনও অধ্যয়ন করে যাচ্ছে। 'মেধাবী' শিক্ষক দ্বারা পরিচালিত ছাত্র-ছাত্রীদের জন্য কোচিং সেন্টারের বিজ্ঞাপনে 'প্রাক্তন' শব্দের সাম্প্রতিক ব্যবহার দেখে মনে আশংকা জাগছে, আমাদের মেধা, হুশ, জ্ঞান ও ভাষার প্রতি শ্রদ্ধাবোধ দিন দিন কোথায় যাচ্ছে?

—ডাঃ মোঃ আজিজুর রহমান সিদ্দিকী,
মনোহরপুর, কুমিল্লা।